



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৩৯

মঙ্গলবার রাজশাহী আসছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী

রাজশাহী; ১৪ ভাদ্র (২৯ আগস্ট):

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি এক দিনের সরকারি সফরে আগামীকাল মঙ্গলবার (৩০ আগস্ট) রাজশাহী আসবেন। সকাল নয়টায় তিনি বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

এদিন সকাল সোয়া এগারোটায় মন্ত্রী বাংলাদেশ টেলিভিশন, নাটোর উপকেন্দ্রের নবনির্মিত ভবন উদ্বোধন করবেন। পরে মন্ত্রী নওগাঁ যাবেন এবং বিকাল তিনটায় নওগাঁর নওজোয়ান মাঠে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জেলা আওয়ামী লীগের অনুষ্ঠিতব্য আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এদিন সন্ধ্যা পৌনে সাতটায় মন্ত্রী ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ছেড়ে যাবেন।##

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১৭:৩০ ঘ.